

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ) রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(২) আদিপুস্তক/ পয়দায়েশ ৪৯/১০

আদিপুস্তকের ৪৯ অধ্যায়ে ইয়াকুব (যাকোব) তাঁর মৃত্যুর পূর্বে তাঁর পুত্রদেরকে একত্রিত করে তাদের জন্য দুআ করেন এবং ভবিষ্যতে তাদের প্রতি কি ঘটবে তা বলেন। এ প্রসঙ্গে ৪৯/১০ শ্লোকে তিনি বলেন: "এহুদা থেকে রাজদ- যাবে না, তার চরণযুগলের মধ্য থেকে বিচারদ- যাবে না, যে পর্যন্ত শীলো (Shiloh) না আসেন; সমস্ত জাতি তাঁরই অধীনতা স্বীকার করবে।" (মো.-১৩)

উইকলিফ বাইবেল (WYC: Wycliffe Bible)-এর শ্লোকটা নিম্নরূপ: "The sceptre shall not be taken away from Judah, and a duke (out) of his hip (nor a ruler from between his hips, or out of his loins), till he come that shall be sent, and he shall be the abiding of heathen men." অর্থ: "এহুদা থেকে রাজদ- যাবে না, এবং তার চরণযুগলের মধ্য থেকে একজন শাসক, যে পর্যন্ত তিনি না আসেন যিনি প্রেরিত হবেন, এবং অ-ইহুদি/ অখ্রিষ্টান বা অবিশ্বাসীদের অবস্থানস্থল-মান্যবর হবেন তিনিই।"[1] এ থেকে জানা যায় যে, শীলোহের আগমনের পর অ-ইহুদি সকল জাতি তাঁর আনুগত্য করবে এবং এর মাধ্যমে এহুদার মর্যাদার পরিসমাপ্তি ঘটবে। মুসলিম পণ্ডিতরা দাবি করেন যে, এটা মুহাম্মাদ (ﷺ)—এর আগমন বিষয়ক ভবিষ্যদ্বাণী। উপরের ভবিষ্যদ্বাণীতে ইসমাইল বিষয়ক যে ভবিষ্যদ্বাণী করা হয়েছে, এখানে সেটাই পরিষ্ণুটিত হয়েছে। অর্থাৎ শীলোহের আগমনের মাধ্যমে ইসমাইলের বংশধর মহাজাতিতে পরিণত হবে এবং অ-ইহুদি সকল জাতি তাঁর অধীনতা গ্রহণ করবে।

প্রফেসর রেভারেন্ড ডেভিড বেঞ্জামিন (Rev. David Benjamin Keldani) আরমেনীয়ার একজন বিশপ ছিলেন। তিনি খৃস্টধর্মের উপরে সর্বোচ্চ লেখাপড়া করেন এবং গ্রীক, ল্যাটিন, সিরিয়ান, আরামাইক, হিব্রু, কালডীয়ান ইত্যাদি ভাষায় সুপন্ডিত ছিলেন। ১৯০০ সালের দিকে তিনি ইসলাম ধর্ম গ্রহণ করেন এবং আব্দুল আহাদ দাউদ (Abdu'l Ahad Dawud) নাম গ্রহণ করেন। তাঁর রচিত একটা পুস্তক (Muhammad in the Bibble)। এ পুস্তকে তিনি বাইবেল ও হিব্রু ভাষার ভাষাতাত্ত্বিক বিশ্লেষণের মাধ্যমে প্রমাণ করেছেন যে, শীলোহ বলতে মুহাম্মাদ (ﷺ)_কেই বোঝানো হয়েছে।[2]

এ প্রসঙ্গে উইকিপিডিয়া 'Muhammad in the Bible' প্রবন্ধে লেখেছে:

"This prophecy is often read in the light of Qur'an 3:81 as a prophecy of Muhammad. Some writers, like David Benjamin, believe that the Hebrew word Shiloh is actually a distortion of the Hebrew word 'Shaluh' which means 'Apostle/Messenger/ One to be sent' or of the Hebrew word 'Shiluah' which means 'Apostle of God'. The Latin Vulgate also translates the word to 'He ... that is to be sent'."



"এ ভবিষ্যদ্বাণীকে অনেক সময় কুরআনের ৩য় সূরার ৮১ আয়াতের আলোকে মুহাম্মাদ (ﷺ) বিষয়ক ভবিষ্যদ্বাণী হিসেবে পড়া হয়। ডেভিড বেঞ্জামিনের মত কতিপয় লেখক বিশ্বাস করেন যে, হিব্রু 'শীলোহ' শব্দটা প্রকৃতপক্ষে হিব্রু 'শালূহ' শব্দের বিকৃত রূপ, যার অর্থ 'রাসূল, প্রেরিত/ যাকে প্রেরণ করা হবে'। অথবা 'শীলোহ' শব্দটা হিব্রু 'শীলুআহ' শব্দ থেকে বিকৃত হয়েছে, যার অর্থ 'রাসূলুল্লাহ'। ল্যটিন বাইবেলে শীলোহ অর্থ লেখা হয়েছে; ''তিনি… যিনি প্রেরিত হবেন।''

ফুটনোট

- [1] https://www.biblegateway.com/verse/en/Genesis%2049:10
- [2] Dawud, Abdul Ahad (Keldani, David Benjamin), 1992, Muhammad in the Bible, Abul Qasim Publishing House, Jeddah. P-41-47u

Source — https://www.hadithbd.com/books/link/?id=14653

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন